সিনিয়র সিস্টেম এনা
◇ সিস্টেম এনালিষ্ট (বিআরটিসি)/ সিনিয়র প্রোগ্রামা
◇ প্রোগ্রামার (বিআরটিএ)
◇ সহকারী প্রোগ্রামার (ডিএমটিসিএল)
◇ নথি
ডাইরি নং................................
তারিখঃ ....
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে এ বিভাগ কর্তৃক প্রণীত কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত প্রণীত কর্মসূচি সফলভাবে বাস্তবায়ন ও সমন্বয় করার জন্য গঠিত কমিটির ফলো-আপ সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ আব্দুল মালেক
অতিরিক্ত সচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ ও সময় : ০৮ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ, সকাল ৯.৩০ ঘটিকা
স্থান : সভাপতির অফিসকক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। অতঃপর উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখ জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে প্রণীত কর্মসূচি সংশ্লিষ্ট প্রস্তুতি উপস্থাপনের জন্য কমিটির সদস্য-সচিব ও যুগ্মসচিব (প্রশাসন)কে অনুরোধ জানান। যুগ্মসচিব (প্রশাসন) ড. মোঃ কামরুল আহসান জানান যে, জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ০১-০৮-২০১৯ তারিখে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে কর্মসূচি প্রণয়ন ও সফলভাবে বাস্তবায়ন এবং সমন্বয় করার জন্য এ কমিটি গঠন করা হয়েছে। সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রণীত কর্মসূচীর বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে আলোচনার জন্য অদ্যকার ফলো-আপ সভা আহবান করা হয়। অ:তপর প্রণীত কর্মসূচিসমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করা হয়।

০২. এ বিভাগের অধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানীর প্রতিনিধি সমন্বয়ে গঠিত কমিটির সদস্যগণ স্ব স্ব প্রতিষ্ঠানের বাস্তবায়ন অগ্রগতির হালনাগাদ তথ্য সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

ক্রম	কর্মসূচি	বাস্তবায়ন অগ্রগতি ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	১৫ আগস্ট ২০১৯ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে এ বিভাগের অধিনস্ত অধিদপ্তর/কর্তৃপক্ষ/ সংস্থা/কোম্পানীর এবং তাদের আওতাধীন সকল অফিসে বাংলাদেশ ফ্ল্যাগ রুলস্ ১৯৭২ অনুযায়ী সঠিক মাপ ও রং ঠিক রেখে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে এবং সূর্যাস্তের সাথে সাথে পতাকা নামিয়ে রাখতে হবে এবং তাঁদের আওতাধীন সকল অফিস ভবনে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ওয়াল ড্রপ ব্যানার টাঙ্গিয়ে রাখতে হবে।	বিআরটিসি, বিআরটিএ ও সওজ অধিদপ্তর সঠিক মাপ ও রং অনুযায়ী জাতীয় পতাকা সংগ্রহ করেছে এবং ১৫ আগস্ট ২০১৯ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। ডিটিসিএ ও ডিএমটিসিএল এর নিজস্ব ভবন না থাকায় তাদের পতাকা উত্তোলনের সুযোগ নেই। এছাড়া এ বিভাগ ও অধিনস্ত অধিদপ্তর/ কর্তৃপক্ষ/সংস্থা/ কোম্পানী কর্তৃক ওয়াল ড্রপ ব্যানার টাঙ্গানো হয়েছে। **সিদ্ধান্ত:** বিআরটিসি, বিআরটিএ ও সওজ অধিদপ্তর ১৫ আগস্ট ২০১৯ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে পতাকা উত্তোলন করবে এবং সূর্যাস্তের সাথে সাথে পতাকা নামিয়ে রাখতে হবে। ঝুলিয়ে রাখা ওয়াল ড্রপ ব্যানারের তত্ত্বাবধান করতে হবে।	সড়ক ও জনপথ অধিদপ্তর, বিআরটিএ, বিআরটিসি,
২.	ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং অধীনস্ত অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থাসমূহ পৃথক পৃথক পুষ্পস্তবক নিয়ে আসবে এবং শৃঙ্খলা বজায় রেখে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবে।	বিআরটিসি গত ০১-০৮-২০১৯ তারিখে, ডিটিসিএ গত ০৪-০৮-২০১৯ তারিখে, ডিএমটিসিএল গত ০৫-০৮-২০১৯ তারিখে সভা করে এবং সওজ অধিদপ্তর ও বিআরটিএ এ বিষয়ে নির্দেশনা প্রদান করেছে। **সিদ্ধান্ত:** অধীনস্ত অধিদপ্তর/কর্তৃপক্ষ/ সংস্থাসমূহ পৃথক পৃথক পুষ্পস্তবক নিয়ে আসবে এবং শৃঙ্খলা বজায় রেখে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবে।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং সড়ক ও জনপথ অধিদপ্তর, বিআরটিএ, বিআরটিসি, ডিটিসিএ, ডিএমটিসিএল
৩.	এ বিভাগের সকল গ্রেডের কর্মচারী এবং অধিনস্ত অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার ঢাকাস্থ সকল গ্রেডের কর্মচারীগণ সকাল ৭.০০ ঘটিকায় কলাবাগান ক্লাবের সামনে স্ব স্ব প্রতিষ্ঠানের ১০'X৩.৬" (ফুট) সাইজের নির্ধারিত ব্যানার ও ৩২" সাইজের রাউন্ড পুষ্পসৃতবকসহ উপস্থিত হবেন। সেখান থেকে সম্মিলিতভাবে পুষ্পস্তবক অর্পণ করা হবে।	নির্ধারিত ডিজাইন ও মাপ অনুযায়ী এ বিভাগের ব্যানার প্রস্তুত করা হয়েছে এবং অধিনস্ত অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানীর ব্যানার প্রস্তুত করা হয়েছে মর্মে সদস্যগণ জানান। নির্ধারিত মাপ অনুযায়ী ফুলের অর্ডার দেয়া হয়েছে। **সিদ্ধান্ত:** স্ব স্ব প্রতিষ্ঠান সময় অনুযায়ী নির্ধারিত ডিজাইন ও মাপ মোতাবেক পৃথকভাবে ব্যানার এবং নির্ধারিত মাপ অনুযায়ী পুষ্পস্তবক নিয়ে আসবে।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং সড়ক ও জনপথ অধিদপ্তর, বিআরটিএ, বিআরটিসি, ডিটিসিএ, ডিএমটিসিএল

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

ক্রম	কর্মসূচি	বাস্তবায়ন অগ্রগতি ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
০৪.	এ বিভাগের সকল গ্রেডের কর্মচারী এবং অধিনস্ত অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার ঢাকাস্থ সকল গ্রেডের কর্মচারীগণকে ১৫ আগস্ট ২০১৯ তারিখ সকাল ৭.০০ ঘটিকায় কলাবাগান ক্লাবের সামনে উপস্থিত থাকার জন্য স্ব স্ব অফিস পত্র জারী করবে এবং সকলের উপস্থিতি নিশ্চিত করতে হবে।	এ বিভাগ ও অধিনস্ত অধিদপ্তর/কর্তৃপক্ষ/ সংস্থা/কোম্পানী এ বিষয়ে নির্দেশনা প্রদান করেছে মর্মে উপস্থিত সদস্যগণ সভাকে অবহিত করেন। **সিদ্ধান্ত:** ১৫ আগস্ট ২০১৯ তারিখ সকাল ৭.০০ ঘটিকায় কলাবাগান ক্লাবের সামনে সকলের উপস্থিতি নিশ্চিত করতে হবে।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং সড়ক ও জনপথ অধিদপ্তর, বিআরটিএ, বিআরটিসি, ডিটিসিএ, ডিএমটিসিএল
০৫.	এ বিভাগ ও অধিনস্থ অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার সকল গ্রেডের কর্মচারীদের কালো ব্যাজ ধারণ করতে হবে। কালো ব্যাজ স্ব স্ব অফিস/সংস্থা সরবরাহ করবে।	এ বিভাগ ও অধিনস্ত অধিদপ্তর/কর্তৃপক্ষ/ সংস্থা/কোম্পানী কালো ব্যাজ সংগ্রহ করেছে মর্মে উপস্থিত সদস্যগণ সভাকে অবহিত করেন। **সিদ্ধান্ত:** ১৫ আগস্ট ২০১৯ তারিখ সকল কর্মকর্তা/কর্মচারী কালো ব্যাজ ধারণ করবে।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং সড়ক ও জনপথ অধিদপ্তর, বিআরটিএ, বিআরটিসি, ডিটিসিএ, ডিএমটিসিএল
০৬	এ বিভাগের অধিনস্ত অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের অফিসসমূহে ১৫ আগস্ট ২০১৯ তারিখ বৃহস্পতিবার সওজ অধিদপ্তর বাদ যোহর, বিআরটিএ, বিআরটিসি, ডিটিসিএ ও ডিএমটিসিএল বাদ আছর আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করবে। সওজ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে এবং বিআরটিএ'র মিরপুর কার্যালয়ে আয়োজিত দোয়া মাহফিল-এ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে সচিব মহোদয়সহ অন্যান্য কর্মকর্তাগণ অংশগ্রহণ করবেন।	এ বিভাগের অধিনস্ত অধিদপ্তর/কর্তৃপক্ষ/ সংস্থা প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের অফিসসমূহে ১৫ আগস্ট ২০১৯ তারিখ বৃহস্পতিবার সওজ অধিদপ্তর বাদ যোহর, বিআরটিএ ও বিআরটিসি বাদ আছর এবং ডিটিসিএ ও ডিএমটিসিএল পুস্পস্তবক অর্পণের পর অফিসে প্রত্যাবর্তন করে আলোচনা ও দোয়া মাহফিল আয়োজন করবে। সওজ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের মসজিদে আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে মর্মে সওজ এর প্রতিনিধি সভাকে অবহিত করেন। **সিদ্ধান্ত:** আলোচনা ও দোয়া মাহফিলের সময় ও স্থান সম্পর্কে স্ব স্ব প্রতিষ্ঠানের পক্ষ থেকে কমিটির সদস্যগণ এ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে অবহিত করবে।	সড়ক ও জনপথ অধিদপ্তর, বিআরটিএ, বিআরটিসি, ডিটিসিএ, ডিএমটিসিএল
০৭.	প্রত্যেক বিভাগ/জেলা/উপজেলায় কেন্দ্রীয়ভাবে আয়োজিত সকল কর্মসূচি/অনুষ্ঠানে এ বিভাগের অধীনস্ত অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার স্থানীয় কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত থাকবেন। স্থানীয় কর্মকর্তাগণকে সক্রিয় অংশগ্রহণ ও কর্মসূচিতে উপস্থিতি নিশ্চিত করার প্রয়োজনীয় নির্দেশনা সম্বলিত পত্র স্ব স্ব অফিস হতে দ্রুত জারী করতে হবে এবং বিষয়টি মনিটরিং করতে হবে। নির্দেশনা প্রদানের বিষয়টি এ বিভাগ'কে অবহিত করতে হবে।	সদস্যগণ অবহিত করেন যে, প্রত্যেক বিভাগ/জেলা/ উপজেলায় কেন্দ্রীয়ভাবে আয়োজিত সকল কর্মসূচি/অনুষ্ঠানে স্থানীয় কর্মকর্তাগণকে সক্রিয় অংশগ্রহণ ও কর্মসূচিতে উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে বিআরটিএ, বিআরটিসি ও সওজ অধিদপ্তর নির্দেশনা প্রদান করেছে। বিআরটিএ'র উপপরিচালক (প্রশাসন), বিআরটিসি'র জেনারেল ম্যানেজার (হিসাব) ও সওজ অধিদপ্তর এর নির্বাহী প্রকৌশলী (প্রশাসন ও সংস্থাপন) বিষয়টি তত্ত্বাবধায়ন ও সমন্বয় করবে। ডিটিসিএ ও ডিএমটিসিএল এর মাঠ পর্যায়ে কোন অফিস নেই। **সিদ্ধান্ত:** বিআরটিএ, বিআরটিসি ও সওজ অধিদপ্তর এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ প্রত্যেক বিভাগ/জেলা/ উপজেলায় কেন্দ্রীয়ভাবে আয়োজিত সকল কর্মসূচি/অনুষ্ঠানে স্থানীয় কর্মকর্তাগণকে উপস্থিতি ও আন্তরিক অংশগ্রহণ নিশ্চিত করার বিষয়টি তত্ত্বাবধান ও সমন্বয় করবে।	সড়ক ও জনপথ অধিদপ্তর, বিআরটিএ, বিআরটিসি

০৩. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
৮/৮/২০১৯
(মোঃ আব্দুল মালেক)
অতিরিক্ত সচিব (প্রশাসন)

নং-৩৫.০০.০০০০.০০৮.২৩.০০১.১৮-১১৮৮

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৬
০৮ আগস্ট ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
০৩. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৪. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা।
০৫. চেয়ারম্যান, বিআরটিসি, পরিবহন ভবন, রাজউক এভিনিউ, ঢাকা।
০৬. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, নতুন বিমান বন্দর সড়ক, বানানী, ঢাকা।
০৭. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল), প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
০৮. পরিচালক (প্রশাসন), ডিটিসিএ, নগর ভবন, ঢাকা।
০৯. পরিচালক (প্রশাসন ও অপারেশন), বিআরটিসি, পরিবহন ভবন, রাজউক এভিনিউ, ঢাকা।
১০. সচিব, বিআরটিএ, বিআরটিএ ভবন, নতুন বিমান বন্দর সড়ক, বানানী, ঢাকা।
১১. কোম্পানি সচিব, ডিএমটিসিএল, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
১২. যুগ্মসচিব (সকল)/যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৩. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
১৫. উপসচিব (সকল)/উপপ্রধান (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট/সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৮. সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান/সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৯. মাননীয় মন্ত্রীর সহকারী একান্ত সচিব/সিনিয়র তথ্য অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
২০. প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনট্যানেন্স ইঞ্জিনিয়ার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
২১. হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

০৮/০৮/২০১৯

(মোহাঃ লিয়াকত আলী খান)
সহকারী সচিব
ফোন: ৯৫৮৪১২৮, ফ্যাক্স: ৯৫৮৫১৩৮
ই-মেইল: asadmin@rthd.gov.bd